



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল
নিউমার্কেট, ঢাকা-১২০৫

ই-মেইল: glabdhaka@yahoo.com
web site: www.glabdhaka.edu.bd



ফোন নং- ৪১০৬০০৫২, স্কুল কোড- ১২২২, কলেজ কোড- ১১২১, থানা কোড- ১৩৭, জেলা কোড- ১০, EIIN : ১০৭৯৬২

অষ্টম শ্রেণির সুপ্রিয় শিক্ষার্থীরা,

শুভেচ্ছা নিও। আগামী ১০/১০/২০২০ তারিখ হতে অনলাইনে অনুষ্ঠিতব্য প্রস্তুতিমূলক পরীক্ষার জন্য সকল পরীক্ষার্থীকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে-

- পরীক্ষা বিষয়ক সকল কার্যক্রম Google Classroom (Eight Exam Hall) ও Zoom Apps এ সম্পাদিত হবে।
- নির্দিষ্ট সময়ের বাইরে পরীক্ষা দেয়ার কোন সুযোগ নেই, তাই উক্ত সময়ের জন্য মোবাইলে পর্যাপ্ত চার্জ ও ইন্টারনেট ডাটা থাকা বাধ্যতামূলক। যারা Wi-Fi ব্যবহার করো তারাও পর্যাপ্ত Mobile Data মজুদ রাখবে যাতে বিদ্যুৎ বিদ্রাট হলেও পরীক্ষা দিতে কোনো সমস্যা না হয়।
- পরীক্ষার সময় ১ঘন্টা ০৫ মিনিট (MCQ - ২০ মিনিট, CQ - ৩০ মিনিট ও খাতা জমা দেয়ার সময়- ১৫ মিনিট)

অনলাইন পরীক্ষার নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো-

- যথাসময়ে Zoom Meeting এ Join করবে এবং পরীক্ষা চলাকালীন সার্বক্ষণিক তোমার Video টি On (চালু) থাকবে।
- তোমার ডিভাইসটি এমনভাবে/এমনস্থানে রাখবে, যেখান হতে তোমাকে ও তোমার খাতা স্পষ্টভাবে দেখা যায়।
- যেহেতু Zoom Meeting এর স্ক্রিন সময় ৪০ মিনিট, তাই উক্ত ৪০ মিনিট পর পুনরায় তোমরা ঐ Zoom Meeting এ Join করবে।

(ক) পরীক্ষায় উপস্থিতি প্রদান:

- পরীক্ষার দিন পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পূর্বে অর্থাৎ সকাল ১০:৪৫ মিনিটে, তোমাদের নিজ নিজ সেকশান অনুযায়ী পরীক্ষার Duty Routine উল্লেখিত শিক্ষকের নাম ও নামের পাশে যেই Zoom ID দেয়া আছে সেই Zoom Meeting এ Join করবে।
- Zoom Meeting এ Join করার সময় নিজের নামটিকে Rename করে নিতে হবে।(যেমন: শ্রেণি-শাখা-রোল-নাম, VIII-A-09-Asif)
- Zoom Meeting এ Join করার পর Meeting এ Connected থাকা অবস্থাতেই Google Classroom (Eight Exam Hall) এ সকলের উপস্থিতি নিশ্চিত করবে এবং তোমার নাম, শাখা ও রোল লিখে Exam Hall এ তোমার Present দিবে। উক্ত সময়ের আগে ও ১১:০০ টার পরে কারো উপস্থিতি গ্রহণযোগ্য হবে না।

(খ) MCQ পরীক্ষা:

- সকাল ১০:৫৮ টায় MCQ পরীক্ষার জন্য Google Form এর লিংক Google Classroom (Eight Exam Hall) দেওয়া হবে।
- Gmail ID ও Password ব্যবহার করে Log in করে উক্ত লিংকে প্রবেশ করতে হবে।
- বিষয় সাপেক্ষে MCQ পরীক্ষার জন্য ২০ মিনিট সময় পাবে। উক্ত সময়ের পর তোমার উত্তর দেয়ার সুযোগ থাকবে না।

(গ) CQ পরীক্ষা:

- CQ পরীক্ষার জন্য আগে থেকেই খাতা তৈরি করে রাখবে এবং প্রয়োজন মারফিক কলম, পেন্সিল, জ্যামিতি বক্স, ক্যালকুলেটর ইত্যাদি প্রস্তুত রাখবে।
- খাতার প্রথম পৃষ্ঠায় / কাভার পেইজে তোমার নাম, শ্রেণি শাখা, রোল পরীক্ষার বিষয় ও তারিখ সুন্দর ও স্পষ্টভাবে লিখবে।
- দ্বিতীয় পৃষ্ঠা থেকে মূল উত্তর শুরু করবে।
- তোমার মোবাইলের Playstore /Appstore হতে CamScanner Apps টি ডাউনলোড করে নিবে।
- CQ এর উত্তর লিখাশেষে CamScanner Apps এর Camera Option দিয়ে খাতার সবগুলোপৃষ্ঠার ছবি সিরিয়ালি তোলবে। এবং সবগুলোপৃষ্ঠা দিয়ে একটি PDF তৈরি করবে। একাধিক PDF গ্রহণযোগ্য হবে না।
- CamScanner/ অন্য কোন সার্পোর্টেড PDF Maker Apps দিয়ে ছবিগুলো দিয়ে তৈরিকৃত PDF টি শ্রেণি, শাখা, রোল ও নিজের নাম দিয়ে গ্যালারীতে সেভ করবে। যেমন: VIII-A-07-Asif
- View Assignment এর ডানে, উপরে পাশে/নিচে Your Work ডায়লগ বক্সে Attached File গিয়ে পরীক্ষার খাতার PDF টি Turn In/ Hand in করলেই PDF কপি/খাতাটি Exam Hall এ জমা হয়ে যাবে।
- প্রয়োজনে পূর্বে WhatsApp গ্রুপে শেয়ার করা লিংক গিয়ে এই সম্পর্কিত টিউটোরিয়ালটি দেখে নিতে পারো।

উপরোক্ত নির্দেশনাসমূহ প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই পালন করতে হবে। কোন নির্দেশনা না বুঝলে শ্রেণিশিক্ষকের সাহায্য নিবে।

প্রধানশিক্ষক
গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা